গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন , সচিবালয় সংযোগ সড়ক,
ঢাকা-১০০০।
হিসাব অধিশাখা
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০১০.২২.০০২.১৮.৩৯

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮
১৩ ডিসেম্বর ২০২১

বিষয়: **বীর মুক্তিযোদ্ধাদের কল্যাণে দেশের সরকারি হাট-বাজারসমূহের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ ব্যয় সংক্রান্ত নীতিমালা-২০২১ প্রেরণ প্রসংগে।**

সূত্র: ২৮ নভেম্বর ২০২১ তারিখে প্রকাশিত সংশোধিত গেজেট।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, "বীর মুক্তিযোদ্ধাগণের কল্যাণে সরকারি হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪% অর্থ ব্যয় নীতিমালা, ২০২১ বাংলাদেশ গেজেটে গত ৩১ আগস্ট ২০২১ তারিখে প্রকাশিত হয়। পরবর্তীতে উক্ত গেজেটটির কিছু অংশ বা ধারা বা উপধারা সংশোধন করা হয়। সে মোতাবেক সংশোধিত গেজেটটি ২৮/১১/২০২১ তারিখে প্রকাশি হয়েছে। উক্ত সংশোধিত নীতিমালাটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

১৩-১২-২০২১
মোঃ জাহাঙ্গীর আলম
উপসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ
৩) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
৪) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৫) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
৭) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৮) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়
৯) মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
১০) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
১১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, স্বাস্থ্য

অধিদপ্তর

১২) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর

১৩) বিভাগীয় কমিশনার (সকল)

১৪) জেলা প্রশাসক (সকল)

১৫) পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল) ...

১৬) সিভিল সার্জন (সকল)..................................।

১৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০১০.২২.০০২.১৮.৩৯/১(৭)

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮ / ১৩ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

২) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব(উন্নয়ন)-এর দপ্তর , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৩) উপসচিব (প্রশাসন/গেজেট/বাজেট/আইসিটি/সনদ/ইতিহাস সংরক্ষণ/উন্নয়ন/প্রশিক্ষণ/পরিকল্পনা), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৪) উপসচিব , উপ-সচিব (প্রশাসন-১), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৫) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৬) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৭) সিস্টেম এনালিস্ট , আইটি সেল শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়(এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১৩-১২-২০২১

মোঃ জাহাঙ্গীর আলম

উপসচিব

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, নভেম্বর ২৮, ২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**

**নীতিমালা**

তারিখ : ৬ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ/২১ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

নং ৪৮.০০.০০০০.০১০.০২.০০৬.২০-১০১।—মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রশাসনিক ক্ষমতাবলে বিগত ১১ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ মোতাবেক ২৬ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত “বীর মুক্তিযোদ্ধাগণের কল্যাণে সরকারি হাট-বাজারসমূহের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ ব্যয় নীতিমালা, ২০২১” এর নিম্নরূপ সংশোধন করা হইল, যথা :—

১। উক্ত নীতিমালার—

(ক) অনুচ্ছেদ ৩ এর ব্যাখ্যা অংশে উল্লিখিত “এমআইএস [Management Information System (MIS)] তালিকাসহ শহিদ গেজেট বা” শব্দসমূহ ও বন্ধনীসমূহের পরিবর্তে “সমন্বিত তালিকাসহ” শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(খ) অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত “বীর মুক্তিযোদ্ধা এবং তাহার স্ত্রী বা স্বামীকে” শব্দসমূহের পরিবর্তে “বীর মুক্তিযোদ্ধাকে” এবং “সর্বোচ্চ” শব্দটির পরিবর্তে “বাৎসরিক সর্বোচ্চ” শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(গ) অনুচ্ছেদ ৫ এর—

(অ) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত “বীর মুক্তিযোদ্ধা এবং তাহার স্ত্রী বা স্বামীকে” শব্দসমূহের পরিবর্তে “বীর মুক্তিযোদ্ধাকে” শব্দসমূহ এবং “সর্বোচ্চ” শব্দটির পরিবর্তে “বাৎসরিক সর্বোচ্চ” শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(আ) উপ-অনুচ্ছেদ (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(২) বীর মুক্তিযোদ্ধা সংশ্লিষ্ট হাসপাতাল হইতে সরাসরি চিকিৎসা সেবা গ্রহণ করিতে পারিবেন।"; এবং

(ই) উপ-অনুচ্ছেদ (৪) এ উল্লিখিত "এমআইএস তালিকা বা শহিদ গেজেট" শব্দসমূহের পরিবর্তে "সমন্বিত তালিকা" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(ঘ) অনুচ্ছেদ ৬ এর—

(অ) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত "কোনো মুক্তিযোদ্ধা এবং তার স্ত্রী বা স্বামী" শব্দসমূহের পরিবর্তে "বীর মুক্তিযোদ্ধা" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত "বীর মুক্তিযোদ্ধা এবং তাহার স্ত্রী বা স্বামী" শব্দসমূহের পরিবর্তে "বীর মুক্তিযোদ্ধা" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(ঙ) অনুচ্ছেদ ১০ এর—

(অ) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত "বীর মুক্তিযোদ্ধা এবং তাহার স্ত্রী, স্বামী" শব্দসমূহের পরিবর্তে "বীর মুক্তিযোদ্ধা" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত "এমআইএস তালিকা বা শহিদ গেজেট" শব্দসমূহের পরিবর্তে "সমন্বিত তালিকা" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(চ) অনুচ্ছেদ ১১ এর—

(অ) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত "বীর মুক্তিযোদ্ধা এবং তাহার স্ত্রী বা স্বামী" শব্দসমূহের পরিবর্তে "বীর মুক্তিযোদ্ধা" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(আ) উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত "বীর মুক্তিযোদ্ধা এবং তাহার স্ত্রী বা স্বামী" শব্দসমূহের পরিবর্তে "বীর মুক্তিযোদ্ধা" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(ই) উপ-অনুচ্ছেদ (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৩) প্রতিস্থাপিত হইবে :—

"(৩) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অফিসিয়াল ওয়েবসাইট (www.molwa.gov.bd) এ প্রকাশিত সমন্বিত তালিকা বা খেতাবপ্রাপ্ত গেজেট বা যুদ্ধাহত গেজেট এ অন্তর্ভুক্ত বীর মুক্তিযোদ্ধা নিজে বা তাহার পক্ষে আইনানুগ পোষ্যগণ কর্তৃক মুক্তিযোদ্ধার সপক্ষে প্রমাণক বা মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত পরিচয়পত্রের অনুলিপিসহ আবেদন দাখিল করিতে হইবে।";

(ঈ) উপ-অনুচ্ছেদ (৪) এ উল্লিখিত "এমআইএস তালিকা বা শহিদ গেজেট" শব্দসমূহের পরিবর্তে "সমন্বিত তালিকা" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে; এবং

(উ) উপ-অনুচ্ছেদ (৬) এর ব্যাখ্যা অংশে উল্লিখিত "বীর মুক্তিযোদ্ধা এবং তাহার স্ত্রী বা স্বামী" শব্দসমূহের পরিবর্তে "বীর মুক্তিযোদ্ধা" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(ছ) অনুচ্ছেদ ১২ এর উপ-অনুচ্ছেদ (৬) এ উল্লিখিত "এমআইএস তালিকা বা শহীদ গেজেট" শব্দসমূহের পরিবর্তে "সমন্বিত তালিকা" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে; এবং

(জ) পরিশিষ্ট-খ এর ক্রমিক নং.১৩ তে উল্লিখিত "যে ব্যাংকে অনুদান পাইতে চান" শব্দসমূহের পরিবর্তে "যে ব্যাংকে অনুদান পাইতে ইচ্ছুক" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

আদেশক্রমে
**খাজা মিয়া**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত। মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd